

জর্দা, খয়ের ও গুল ব্যবহার বন্ধে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের

সতর্কীকরণ গণবিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাজার থেকে সম্প্রতি বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক দেশের ২২টি জর্দা, খয়ের ও গুল এর নমুনা সংগ্রহপূর্বক স্বীকৃত ল্যাবরেটরীতে পরীক্ষা করা হয়েছে।

পরিক্ষিত নমুনা সমূহের মধ্যে রয়েছে, গিলা খয়ের, তীর মার্কা খয়ের, মালাই খয়ের, অন্তরা খয়ের, কালো পাথর বান্ধ খয়ের, সাদা বান্ধ খয়ের, ইগল গুল, মোস্তাফা গুল, শাহজাদা গুল, রতন জর্দা, হকিমপুরী জর্দা, গুরুদেব জর্দা, শাহজাদি জর্দা (নির্মলের), মহিউদ্দিন জর্দা, হাকিমপুরী জর্দা, ঢাকা জর্দা, মকিমপুর জর্দা, শাহী হীরা জর্দা, জাফরানী জর্দা, শাহজাদী জর্দা (আলম), বউ শাহজাদী জর্দা এবং চাঁদপুরী জর্দা। ল্যাব রিপোর্ট অনুযায়ী এসব পণ্য তৈরির ক্ষেত্রে শুধুমাত্র কেমিক্যাল রং ব্যবহার করা হচ্ছে। কোন কোন ক্ষেত্রে ফার্নিচারের বার্গিশে ব্যবহারের জন্য যেসব কেমিক্যাল ব্যবহার করা হয় সেগুলো দিয়েই সরাসরি খয়ের তৈরি হচ্ছে।

ল্যাব রিপোর্ট অনুযায়ী পরিক্ষিত, ২২টি জর্দা, খয়ের ও গুলে বিষাক্ত হেভি মেটাল যথাক্রমে লেড, ক্যাডমিয়াম ও ক্রোমিয়াম পাওয়া গেছে। যা মানবস্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর। জর্দা, খয়ের ও গুল দীর্ঘদিন খাওয়ার কারণে মাড়ি ও লিভার ক্যান্সারের মতো জটিল রোগ হতে পারে বলে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিশেষজ্ঞবৃন্দ মতামত ব্যক্ত করেন।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট জর্দা, খয়ের ও গুল উৎপাদনকারী, সরবরাহকারী, পরিবেশনকারী, মজুদকারী, পরিবহনকারী, পাইকারী ও খুচরা বিক্রেতা এবং গ্রাহককে উক্ত দূষণযুক্ত পণ্য উৎপাদন, বিক্রয় না করার জন্য সতর্ক করা হল।

এই গণবিজ্ঞপ্তি প্রচারের পরে কোন উৎপাদনকারী প্রতিষ্ঠানের উৎপাদিত জর্দা, খয়ের ও গুল এসব তামাকজাত দ্রব্যে ক্ষতিকর বিষাক্ত কেমিক্যাল এবং হেভি মেটাল যথা লেড, ক্যাডমিয়াম ও ক্রোমিয়াম এর উপস্থিতি প্রমাণিত হলে দায়ী প্রতিষ্ঠান বা ব্যক্তির বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
Bangladesh Food Safety Authority

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য



খাদ্য মন্ত্রণালয়

৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০, ফোন- ৫৫১৩৮৬০৭, ফ্যাক্স-৫৫১৩৮৬০১
ই-মেইল: info@bfsa.gov.bd, ওয়েব- www.bfsa.gov.bd